এই প্রশ্নপত্রটিতে 18টি প্রশ্ন [ বিভাগ—ক (5) + বিভাগ—খ (4) এবং বিভাগ—গ (9) ] এবং 12টি মুদ্রিত পৃষ্ঠা আছে।

রোল নং | | | | | | | | | | | | |

কোড নং **69/SS/A/B**

সেট **A**

# বাংলা

## (303)

পরীক্ষার দিন ও তারিখ ..........................................

তত্ত্বাবধানকারীদের স্বাক্ষর 1. ..........................................

2. ..........................................

---

***সাধারণ নির্দেশাবলী ঃ***

1. পরীক্ষার্থীরা প্রশ্নপত্রের প্রথম পাতায় অবশ্যই তাঁদের রোল নং লিখবেন।

2. দয়া করে প্রশ্নপত্রটি পরীক্ষা করে দেখে নিন যে সর্বমোট পৃষ্ঠা ও প্রশ্ন সংখ্যা প্রথম পৃষ্ঠার উপরে মুদ্রিত সংখ্যার সাথে মিলছে কি না। একই সাথে পরীক্ষা করে দেখে নিন যে প্রশ্নগুলি ক্রম অনুসারে আছে কি না।

3. উত্তর-পুস্তিকার উপরে কোনোরকম পরিচয়ের স্বাক্ষর করলে অথবা নির্ধারিত জায়গা ছাড়া অন্য কোথাও রোল নং লিখলে উত্তর-পুস্তিকাটি বাতিল বলে গণ্য হবে।

4. আপনার প্রশ্নপত্রের কোড নং 69/SS/A/B, সেট A টি উত্তর-পুস্তিকার যথাযথ স্থানে লিখবেন।



Unnati Educations
9899436384, 9654279279

# বাংলা

## (303)

সময় ঃ 3 ঘণ্টা ] [ পূর্ণমান ঃ 100

**নির্দেশ ঃ** (i) এই প্রশ্নপত্রে 'ক', 'খ' এবং 'গ' **তিনটি** বিভাগ আছে।

(ii) এখানে মোট **18**টি প্রশ্ন রয়েছে।

(iii) সব প্রশ্ন বাধ্যতামূলক।

(iv) প্রতিটি প্রশ্নের জন্য নির্দিষ্ট নম্বর উল্লেখ করা আছে।

(v) প্রশ্ন সংখ্যা **1** থেকে **9**-এর অন্তর্গত প্রতিটি প্রশ্নের জন্য *1* নম্বর ধার্য করা আছে। এগুলি মূলত এক-শব্দবিশিষ্ট প্রশ্ন, সত্য-মিথ্যা, ছক মেলানো, শূন্যস্থান পূরণ জাতীয়।

(vi) বিভাগ 'গ'-এ *2*, *4*, *5* ও *6* নম্বরের প্রশ্ন আছে।

(vii) মডিউল—I অথবা মডিউল—II-এর সমস্ত প্রশ্নের উত্তর প্রদান করতে হবে।

(1) Answers of all questions are to be given in the Answer-Book given to you.
সমস্ত প্রশ্নের উত্তর আপনাকে প্রদান করা উত্তর-পুস্তিকাতেই লিখতে হবে।

(2) 15 minutes time has been allotted to read this question paper. The question paper will be distributed at 2:15 p.m. From 2:15 p.m. to 2:30 p.m., the students will read the question paper only and will not write any answer on the Answer-Book during this period.
এই প্রশ্নপত্রটি পড়ার জন্য 15 মিনিট সময় ধার্য করা হয়েছে। দুপুর 2:15 মিনিটে প্রশ্নপত্র বিতরণ করা হবে। 2:15 থেকে 2:30 মিনিট সময়সীমার মধ্যে ছাত্র-ছাত্রীরা কেবল প্রশ্নপত্র পড়বেন, উত্তর-পুস্তিকাতে কোনো উত্তর লিখবেন না।

### বিভাগ—ক

**1.** পাঠ্যক্রম অবলম্বনে **প্রথম তালিকার** সঙ্গে **দ্বিতীয় তালিকার** সামঞ্জস্য সাধন করে সঠিক উত্তর নির্বাচন করুন : 1×4=4

| **প্রথম তালিকা** | **দ্বিতীয় তালিকা** |
|---|---|
| (ক) 'বিড়াল' | *(i)* সৈয়দ আলাওল |
| (খ) 'পদ্মাবতীর বিবাহমঙ্গল' | *(ii)* এস. ওয়াজেদ আলি |
| (গ) 'বাঙ্লা ভাষা উচ্চারিত হলে' | *(iii)* বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় |
| (ঘ) 'অতীতের বোঝা' | *(iv)* শামসুর রহমান |



Unnati Educations
9899436384, 9654279279

**2.** নিম্নোক্ত লাইনগুলি 'কালাপাহাড়' গল্প থেকে নেওয়া হয়েছে। এগুলি ক্রমানুসারে সাজান : 1×4=4

(ক) সে আপনার গহনা কয়খানি রংলালের হাতে তুলিয়া দিল। রংলাল আনন্দে উচ্ছ্বসিত হইয়া উঠিল।

(খ) বয়স্ক অবুঝ শিশুর চেয়ে অনেক বেশি বিরক্তিকর।

(গ) লাঙল বড় করলেই জানোয়ার জব্দ।

(ঘ) বলশালী প্রকাণ্ড যেমন তাহার দেহ, চাষের কাজে খাটেও সে তেমনই অসুরের মতো।

**3.** 'অনাচার' গল্প থেকে গৃহীত নিম্নোক্ত মন্তব্যগুলি শুদ্ধ-অশুদ্ধ বিচার করে সংকেত থেকে সঠিক উত্তর নির্ণয় করুন : 1×4=4

I. ছটি সন্তানের মধ্যে সুভাষ তাঁর শেষ অবশিষ্ট সন্তান।

II. সুভাষ বাবাজি আজ আট মাস হলো গত হয়েছেন।

III. তাই রাবণ রাজার মতো নিজের মৃত্যুবাণ প্রাণপণ যত্নে লুকিয়ে রাখলাম।

IV. লোকের বোঝাটাই তো শেষ কথা নয় বোন!

(ক) শুদ্ধ, অশুদ্ধ, শুদ্ধ, অশুদ্ধ

(খ) অশুদ্ধ, অশুদ্ধ, শুদ্ধ, অশুদ্ধ

(গ) শুদ্ধ, অশুদ্ধ, অশুদ্ধ, শুদ্ধ

(ঘ) অশুদ্ধ, শুদ্ধ, শুদ্ধ, অশুদ্ধ

**4.** নিম্নোক্ত **প্রথম তালিকার** সঙ্গে **দ্বিতীয় তালিকার** সংযুক্তি ঘটান : 1×4=4

| **প্রথম তালিকা** | | **দ্বিতীয় তালিকা** | |
|---|---|---|---|
| (ক) | সেবমান | *(i)* | কান + আই |
| (খ) | ঝাঁকুনি | *(ii)* | অগ্নি + এয় |
| (গ) | আগ্নেয় | *(iii)* | √সেব্ + মান |
| (ঘ) | কানাই | *(iv)* | √ঝাঁক্ + উনি |

**5.** বন্ধনীর অন্তর্ভুক্ত শব্দভাণ্ডার থেকে উপযুক্ত শব্দের দ্বারা শূন্যস্থান পূরণ করুন : 1×4=4

(ক) আপনার রূপ _____ হইলা বিভোর।

( দর্শন, দেখি, দর্শি, হেরি )

(খ) কী যন্ত্রণায় মরেছে পাথরে নিস্ফল _____ কুটে।

( মস্তক, মাথা, শির, মুণ্ড )



Unnati Educations
9899436384, 9654279279

(গ) আমি তোমার ধর্মসঞ্চয়ের _____ কারণ।

( মূল, মূলত, মূলীভূত, প্রধান )

(ঘ) কেবল আশ্চর্য সেই রোগা মুখের অদ্ভুত দুটি _____ দৃষ্টি।

( চোখের, আঁখির, নয়নের, চক্ষুর )

## বিভাগ—খ

**6.** নিম্নোক্ত মন্তব্যগুলি থেকে সত্য/মিথ্যা বিচার করুন (যে কোনো **ছয়টি**) : 1×6=6

(ক) 'পদ্মাবতীর বিবাহমঙ্গল' কবিতার রচয়িতা সৈয়দ আলাওল।

(খ) 'প্রশ্ন' কবিতায় পূর্ণিমার রাত্রির উল্লেখ করা হয়েছে।

(গ) 'নাজমা' কবিতার রচয়িতা রবীন্দ্রনাথ ঠাকুর।

(ঘ) 'নারী', 'সাম্যবাদী' কবিতাগুচ্ছের একটি অংশ।

(ঙ) 'বাঙ্‌লা ভাষা উচ্চারিত হলে' কবিতায় অন্ধ বাউলের উল্লেখ আছে।

(চ) রাজু পাঁড়ে ইংরাজী লেখাপড়া ভাল জানে, সংস্কৃতও সামান্য জানে।

(ছ) অনেকেরই আন্টার্কটিকাতে ঘুমের ব্যাঘাত হয় সর্বদা দিনের আলো থাকে বলে।

**7.** ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করুন : 1×4=4

(ক) রবিশশী

(খ) বিয়েপাগলা

(গ) উপবন

(ঘ) কাঁচামিঠা



Unnati Educations
9899436384, 9654279279

**8.** সঠিক উত্তর নির্বাচন করুন : 1×4=4

(ক) কমলাকান্তের মতে চুরির মূল কারণ

*(i)* কৃপণ ধনী

*(ii)* অধম ব্যক্তি

*(iii)* দরিদ্র ব্যক্তি

*(iv)* ধনী ব্যক্তি

(খ) 'সব্যসাচী'-র রচয়িতা হলেন

*(i)* এস. ওয়াজেদ আলী

*(ii)* রবীন্দ্রনাথ ঠাকুর

*(iii)* শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

*(iv)* মীর মোশারফ হোসেন

(গ) 'বিড়াল' প্রবন্ধে গরুর নাম হল

*(i)* মঙ্গলা

*(ii)* সবিতা

*(iii)* অনুরাধা

*(iv)* বেণু

(ঘ) নিমাইবাবু পেশায় ছিলেন

*(i)* পুলিশ কর্মচারী

*(ii)* দোকানের কর্মচারী

*(iii)* কাপড় ব্যবসায়ী

*(iv)* শিক্ষক



Unnati Educations
9899436384, 9654279279

**9.** সঠিক উত্তর বেছে নিয়ে তথ্যগুলি পূরণ করুন : 1×16=16

(ক) "বিচিত্র বসন পরি নানা আভরণ।
করেত লইল রামা নির্মল দর্পণ।।"

রামা বলতে কাকে বোঝানো হয়েছে?

*(i)* রম্ভাবতী

*(ii)* পদ্মাবতী

*(iii)* মহাদেবী

*(iv)* ইরাবতী

(খ) 'প্রশ্ন' কবিতাটি কার লেখা?

*(i)* কাজী নজরুল ইসলাম

*(ii)* রবীন্দ্রনাথ ঠাকুর

*(iii)* জীবনানন্দ দাশ

*(iv)* মধুসূদন দত্ত

(গ) 'নারী' কবিতায় শস্যের অধিষ্ঠাত্রী দেবী কে?

*(i)* দুর্গা

*(ii)* সরস্বতী

*(iii)* লক্ষ্মী

*(iv)* কালী



**Unnati Educations**
**9899436384, 9654279279**

(ঘ) “ভগবান, তুমি যুগে যুগে _____ পাঠায়েছ বারে বারে
দয়াহীন সংসারে—”

*(i)* দূত

*(ii)* শিক্ষক

*(iii)* মন্ত্রী

*(iv)* পুলিশ

(ঙ) ‘নাজমা’ কবিতায় কোন্ যানবাহনের উল্লেখ আছে?

*(i)* প্লেন

*(ii)* ট্রেন

*(iii)* সাইকেল

*(iv)* স্কুটার

(চ) সুভাষ কাকিমার স্বামী ঘর ছেড়ে কোথায় চলে গিয়েছিলেন?

*(i)* বম্বে

*(ii)* চেন্নাই

*(iii)* রাজস্থান

*(iv)* কলকাতা

(ছ) ‘সব্যসাচী’ গল্পে জাহাজে যাত্রীর সংখ্যা আনুমানিক কত ছিল?

*(i)* প্রায় শ-তিনেক

*(ii)* প্রায় শ-চারেক

*(iii)* প্রায় শ-সাতেক

*(iv)* প্রায় শ-দুয়েক


Unnati Educations
9899436384, 9654279279

(জ) সমাস প্রধানত কয় প্রকার?

(i) তিন

(ii) পাঁচ

(iii) দুই

(iv) চার

(ঝ) আন্টার্কটিকা কাদের দেশ?

(i) পেঙ্গুইনদের

(ii) ডলফিনদের

(iii) ঘোড়াদের

(iv) গরুদের

(ঞ) অপূর্ব নিমাইবাবুকে কী বলে ডাকত?

(i) নিমাইকাকা

(ii) নিমাইমামা

(iii) নিমাইজেঠু

(iv) নিমাইদাদা

(ট) 'অনাচার' গল্পে কার মহিমা ফুটে উঠেছে?

(i) নারীর

(ii) পুরুষের

(iii) শিশুর

(iv) এদের কারুর নয়



Unnati Educations
9899436384, 9654279279

(ঠ) আমাদের লেখার ভাষায় কতরকম রীতি আছে?

(i) দুইরকম

(ii) তিনরকম

(iii) চাররকম

(iv) পাঁচরকম

(ড) 'আরণ্যক' উপন্যাসে কার পূর্ণিয়া জেলার জঙ্গলমহলে জমি আছে?

(i) অবিনাশ

(ii) সত্যচরণ

(iii) গোষ্ঠবাবু

(iv) মুনেশ্বর

(ঢ) 'বাঙ্‌লা ভাষা উচ্চারিত হলে' কবিতায় নিকানো উঠোনে কী ঝরে পড়ে?

(i) বৃষ্টি

(ii) রৌদ্র

(iii) কুয়াশা

(iv) ফুল

(ণ) কাছারীর বৃদ্ধ মুহুরীর নাম কী?

(i) গোষ্ঠ চক্রবর্তী

(ii) সত্যচরণ

(iii) রাজু পাঁড়ে

(iv) সুজন


Unnati Educations
9899436384, 9654279279

(ত) রংলাল গরু কিনতে কোন্ হাটে গিয়েছিল?

(i) পাঁচুন্দির হাটে

(ii) রথতলার হাটে

(iii) চড়কতলার হাটে

(iv) কৃষ্ণনগরের হাটে

## বিভাগ—গ

**10.** নিম্নোক্ত যে কোনো **তিনটি** প্রশ্নের একটি মাত্র শব্দে উত্তর লিখুন : 2×3=6

(ক) 'পদ্মাবতীর বিবাহমঙ্গল' কোন্ কাব্য থেকে সংকলিত?

(খ) আখ্যানকাব্য কাকে বলে?

(গ) সব্যসাচী কয়টি ভাষা বলতে পারে?

(ঘ) "বলশালী প্রকাণ্ড যেমন তাহার দেহ, চাষের কাজে খাটেও সে তেমনই অসুরের মতো।" কার কথা বলা হয়েছে?

**11.** নিম্নোক্ত যে কোনো **চারটি** প্রশ্নের উত্তর সংক্ষেপে দিন : 2×4=8

(ক) অলংকার কত প্রকার ও কী কী?

(খ) দুজন গীতিকবির নাম লিখুন।

(গ) চতুর্দৌল শব্দের অর্থ কী?

(ঘ) কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী কেন?

(ঙ) প্রাচীন মিশরীয় পুরোহিত সোলোনকে বলেন,"তোমাদের গ্রিকদের চরিত্র বালকের মতো"। এই উক্তির কারণ কী?

**12.** নিম্নোক্ত বাক্যগুলি বন্ধনীর অন্তর্ভুক্ত সংকেত অনুসারে রূপান্তর করুন (যে কোনো **তিনটি**) : 2×3=6

(ক) যখন শীতকাল তখন তাঁকে রোমনগরে যেতে হল। (সরল বাক্য)

(খ) জেন্সন নামক এক ওলন্দাজ এক অভিনব যন্ত্র নির্মাণ করেছিলেন। (জটিল বাক্য)



Unnati Educations
9899436384, 9654279279

(গ) তাঁর গবেষণা ছিল অসাধারণ। (আবেগসূচক বাক্য)

(ঘ) বাইবেল ছুঁয়ে বলতে হবে। (না-বাচক বাক্য)

**13.** নিম্নোক্ত বাক্যগুচ্ছকে চলিত ভাষায় রূপান্তরিত করুন : 6

সন্ধ্যায় দু'জনে ঘোড়া ছাড়িলাম। কাছারি ছাড়িয়া জঙ্গল পড়িতেই কিছু পরে কৃষ্ণা তৃতীয়ার চাঁদ উঠিল। অস্পষ্ট জ্যোৎস্নায় বন-প্রান্তর আরও অদ্ভুত দেখাইতেছে। পাশাপাশি দু'জনে চলিয়াছি—আমি আর সুজন সিং। পথ কখনও উঁচু, কখনও নীচু, সাদা বালির উপর জ্যোৎস্না পড়িয়া চক্‌চক্‌ করিতেছে।

**14.** প্রতিবেদনের প্রধান দিকগুলি আলোচনা করুন। 4

**15.** নিচের কবিতা/অনুচ্ছেদ অংশটি পড়ে তার সংক্ষিপ্তসার লিখুন : 5

"পরের কারণে স্বার্থ দিয়া বলি
এ জীবন মন সকলি দাও
তার মতো সুখ কোথাও কী আছে,
আপনার কথা ভুলিয়া যাও।"

*অথবা*

আশাবাদী মানুষ কোনো অবস্থায় নিজেকে সুখী মনে করতে পারে না। কোনো না কোনো দিক দিয়ে একটা অতৃপ্তি ও ব্যর্থতার মনোভাবের দ্বারা সকলেই পীড়িত। ধনী-নির্ধন, সৎ-অসৎ সকল মানুষই এই মনোভাবের বশবর্তী হয়ে মনে করে যে, সে ছাড়া এই পৃথিবীর অন্য সকলেই সুখী জীবনযাপন করছে। নিজ নিজ অবস্থায় সন্তুষ্ট না থাকা মানব-প্রকৃতির বৈশিষ্ট্য।

**16.** যে কোনো **একটি** বিষয় অবলম্বনে প্রতিবেদন রচনা করুন : 5

(ক) আপনার অঞ্চলে আন্ত্রিক রোগের প্রাদুর্ভাব সম্পর্কে প্রতিবেদন রচনা করুন।

*অথবা*

(খ) স্বাধীনতা দিবস উপলক্ষে বিদ্যাসাগরের মূর্তির উন্মোচন অনুষ্ঠান—এই বিষয়ে প্রতিবেদন রচনা করুন।



**Unnati Educations**
**9899436384, 9654279279**

## মডিউল—I

**17.** যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন : 2×3=6

(ক) গণজ্ঞাপনের চিরাচরিত মাধ্যমের আঙ্গিকগুলির মধ্যে পুতুল নাচ এবং লোকগান সম্পর্কে লিখুন।

(খ) বাংলায় লোকশিল্পের অপর দুটি নাম কী?

(গ) নৌটঙ্কি কোথায় প্রচলিত? এর বৈশিষ্ট্য কী?

(ঘ) 'হরিজন' পত্রিকাটি কে শুরু করেন এবং পত্রিকার সম্পাদক কে?

(ঙ) 'দি টাইমস্ অফ্ ইন্ডিয়া' কত সালে এবং কোন্ উদ্দেশ্যে প্রকাশিত হয়?

**18.** গণজ্ঞাপনের দুটি সমস্যা ও দুটি সমাধানের বিষয়ে উল্লেখ করুন। 2+2=4

## মডিউল—II

**17.** যে কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন : 2×3=6

(ক) পর্যটনে হোটেলের স্থান কী?

(খ) পর্যটকদের আকর্ষণ করার দুটি বিশেষ উপায় নিজের ভাষায় লিখুন।

(গ) পর্যটনের মাধ্যমে অনুন্নত এলাকার উন্নয়নের দুটি উপায় কী কী?

(ঘ) পরিবেশের ওপর পর্যটনের নেতিবাচক প্রভাব সম্পর্কে লিখুন।

(ঙ) ট্যুর গাইডের কী কী দক্ষতা থাকা দরকার?

**18.** হোটেল ও মোটেলের পার্থক্য উল্লেখ করুন। 2+2=4

★ ★ ★



Unnati Educations
9899436384, 9654279279